গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
পরিকল্পনা শাখা
www.mole.gov.bd

# সম্প্রতি সমাপ্ত প্রকল্পের তথ্য

| ক্রম | উন্নয়নমূলক কার্যক্রম/প্রকল্পের নাম | প্রকল্পের কার্যক্রম | প্রকল্পের মেয়াদ কাল |
|---|---|---|---|
| ১। | তৈরি পোশাক খাতে কর্মপরিবেশ উন্নয়ন (২য় পর্যায়) | রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল (RCC) কে শক্তিশালীকরণের মাধ্যমে কারখানার নিরাপত্তা/ সংস্কার কাজ সমাপ্ত করা প্রকল্পটির মূল উদ্দেশ্য। প্রকল্পটির বাস্তবায়নকারী সংস্থা আইএলও। | প্রকল্প জুন/২৩ এ সমাপ্ত হয়েছে। |
| ২। | প্রোমোটিং সোসিয়াল ডায়ালগ এন্ড হারমোনিয়াস ইন্ডাস্ট্রিয়াল রিলেশনস ইন বাংলাদেশ রেডি-মেইড গার্মেন্টস ইন্ডাস্ট্রি শীর্ষক প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে তৈরি পোশাকশিল্পের মালিক ও শ্রমিকের মধ্যে সংলাপ-প্রক্রিয়ার প্রসার ও সম্পর্ক উন্নয়নের মাধ্যমে শিল্প-বিরোধ নিষ্পত্তি এবং সালিশ ও মধ্যস্ততা কার্যক্রমকে আরও গ্রহণযোগ্য, নির্ভরযোগ্য ও স্বচ্ছ করার পাশাপাশি অর্থনৈতিক গতিশীলতা ও উৎপাদনশীলতা বৃদ্ধি পেয়েছে। | প্রকল্পটি ০১ জুলাই ২০১৬ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ৩। | দেশের পার্বত্য অঞ্চলের শ্রমিকদের কল্যাণ সুবিধাদি ও দক্ষতা উন্নয়ন ও কার্যক্রম সম্প্রসারণ ও জোরদারকরণে রাঙামাটির ঘাঘরায় একটি বহুবিধ সুবিধাসহ কমপ্লেক্স নির্মাণ প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে দেশের ০৩ টি পার্বত্য জেলায় বসবাসরত শ্রমিক এবং তাদের পরিবারের সদস্যদের সামাজিক কল্যাণ, পেশাগত দক্ষতা উন্নয়ন ও কর্মক্ষেত্রে শ্রমিকের অধিকার প্রতিষ্ঠাসহ সার্বিক অর্থ-সামাজিক উন্নয়ন নিশ্চিত হবে। | ০১ এপ্রিল ২০১৭ হতে ৩০ জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ৪। | নারায়নগঞ্জের বন্দর ও চট্টগ্রামের কালুর ঘাটে মহিলা শ্রমজীবী হোস্টেল এবং ০৫ শয্যার চিকিৎসা কেন্দ্র সুবিধাসহ শ্রম কল্যাণ কেন্দ্র নির্মাণ প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে কর্মজীবী মহিলা শ্রমিকদের জন্য স্বল্প ব্যয়ে নিরাপদ ও স্বাস্থ্যসম্মত আবাসনের ব্যবস্থা নির্মাণ সামাজিক ক্ষমতায়নের মাধ্যমে বসবাসরত মহিলা শ্রমিকদের উৎপাদনশীলতা বৃদ্ধিতে কার্যকর ভূমিকা পালন করেছে। | ০১ এপ্রিল ২০১৮ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ৫। | রিমিডিয়েশন কো-অরডিনেশন সেল এ ন্যস্ত কারখানাগুলোর ক্যাপ (কারেক্টিভ একশন প্লান) বাস্তবায়ন প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে মোট ৭৪৫ টি কারখানার কাঠামোগত, অগ্নি ও বৈদ্যুতিক ঝুঁকি নিরূপণ একই সাথে কারখানার নিরাপত্তা জন্য রিমিডিয়েশন কাজের তদারকির মাধ্যমে কর্মক্ষেত্রে দুর্ঘটনার মাত্রা কমিয়ে আনার নিমিত্তে প্রত্যক্ষ ও পরোক্ষ ভূমিকা পালন করেছে। | গত জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২১ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ৬। | শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন প্রকল্পের ফিজিবিলিটি স্টাডি প্রকল্প। | শিশুশ্রম নিরসন ও পুনর্বাসনের নিমিত্তে সম্ভাব্যতা যাচাই কার্যক্রম পরিচালিত হয়েছে। ফিজিবিলিটি স্টাডি রির্পোটের আলোকে বর্তমানে “শিশুশ্রম নিরসন ও পুনর্বাসন নিরসন” নামক একটি বৃহৎ প্রকল্প গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে। | প্রকল্পটির জুন/২০২৩ মেয়াদে সমাপ্ত হয়েছে। |
| ৭। | নির্বাচিত রেডিমেড গার্মেন্টস, প্লাস্টিক ও কেমিক্যাল কারখানার অবকাঠামোগত, অগ্নি ও বিদ্যুৎ ঝুঁকি | প্রকল্পটির মাধ্যমে কারখানার কাঠামোগত ঝুঁকি, অগ্নিসংক্রান্ত ঝুঁকি ও বৈদ্যুতিক ঝুঁকি নিরুপনের প্রাথমিক মূল্যায়ন সম্পন্ন করার পাশাপাশি কর্মক্ষেত্রে দুর্ঘটনা মাত্রা | প্রকল্পটির জুলাই ২০১৯ হতে জুন ২০২২ পর্যন্ত মেয়াদে |

| ক্রম | উন্নয়নমূলক কার্যক্রম/প্রকল্পের নাম | প্রকল্পের কার্যক্রম | প্রকল্পের মেয়াদ কাল |
|---|---|---|---|
| | নিরুপণ শীর্ষক প্রকল্প। | কমিয়ে আনার নিমিত্ত পরোক্ষ ভূমিকা পালন করেছে। | বাস্তবায়িত হয়েছে। |
| ৮। | শ্রম ভবন নির্মাণ প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে অধিদপ্তরে উন্নীত হওয়ায় এর জনবল কাঠামো এবং সেবার পরিসর বৃদ্ধি পেয়েছে। নিরাপদ কর্ম পরিবেশ নিশ্চিতকরন, শ্রমিক-কর্মচারী এবং শিল্প প্রতিষ্ঠান মালিকদের কার্যকর ও দ্রুত সেবা প্রদান করা সম্ভব হয়েছে। | এপ্রিল ২০১৭ হতে মার্চ ২০১৯ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ৯। | শ্রম অধিদপ্তরাধীন বিদ্যমান ০৬টি কার্যালয় পুনঃনির্মাণ ও আধুনিকায়ন প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে ষাট দশকে নির্মিত জরাজীর্ণ ব্যবহার অনুপযোগী শ্রম অধিদপ্তরাধীন ০৬ টি অফিস ভবন (নারায়নগঞ্জ, চট্টগ্রাম, খুলনা, মংলা, বগুড়া ও গাইবান্ধা) পুনঃনির্মাণ ও আধুনিকায়নের মাধ্যমে অফিসসমূহ স্ব-স্ব সেবা প্রদানে সক্ষম ও কার্যোপযোগী করা সম্ভব হয়েছে। | প্রকল্পটি ০১ এপ্রিল ২০১৭ হতে ৩০ জুন ২০২১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ১০। | Setting Standards for Life Skills Training শীর্ষক প্রকল্প। | প্রকল্পটির দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণে জীবনদক্ষতা মান সংযুক্ত করার ফলে এ সেক্টরে প্রশিক্ষণ গ্রহণকারীরা একদিকে যেমন কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণে দক্ষতা অর্জন করেছে অন্য দিকে সফট্‌ স্কিলস্‌-এ দক্ষ হয়ে উৎপাদনশীল কর্মজীবন ও পারিবারিক জীবনের জন্য তৈরি হয়েছে। জীবন দক্ষতা প্রশিক্ষণের মাধ্যমে কর্মক্ষেত্রে শৃঙ্খলা আনয়ন, কর্মোপযোগী পরিবেশ সৃষ্টি, দায়িত্বশীল ও ত্যাগী কর্মী তৈরি এবং মালিক ও শ্রমিকের মধ্যে দ্বন্দ্ব নিরসনে ভূমিকা রাখেছে। | প্রকল্পটি অক্টোবর ২০১৭ জুন ২০১৯ মেয়াদে ইউএনএফপিএ এর সহযোগীতায় বাস্তবায়িত হয়েছে। |
| ১১। | Country Level Engagement and Assistance to Reduce Child Labour (CLEAR) শীর্ষক প্রকল্প। | প্রকল্পের মাধ্যমে শিশুশ্রম নিরসন সম্পর্কিত বিভিন্ন কমিটির কার্যক্রমের মাধ্যমে সামাজিক সচেতনতা বৃদ্ধির গুরুত্বপূর্ণ ভূমিকা রাখে। | প্রকল্পটি জুলাই, ২০১৫ থেকে ডিসেম্বর, ২০১৭ পর্যন্ত মেয়াদে ILO কর্তৃক বাস্তবায়িত হয়েছে। |
| ১২। | Gender Equality and Women's Empowerment at Work Place শীর্ষক প্রকল্প। | এ প্রকল্পের মাধ্যমে কর্মক্ষেত্রে মহিলাদের Sexual and Non Sexual harassment কমানো, মহিলা শ্রমিক/চাকুরিজীবীদের নিরাপদ কর্মপরিবেশ ও Violence against Women বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। উন্নয়ন ও মানবিক উভয় পর্যায়ে জেন্ডার ভিত্তিক সহিংসতা এবং ক্ষতিকর আচরণ প্রতিরোধ ও প্রতিহত করার তথ্য ও সেবার প্রাপ্যতা বৃদ্ধিপূর্বক আর্থসামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা রেখেছে | প্রকল্পটি জুলাই, ২০১৭ হতে ডিসেম্বর, ২০২০ পর্যন্ত মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ১৩। | Implementation of the National Employment Injury Insurance Scheme of Bangladesh শীর্ষক প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে কলকারখানা ও শ্রমিকের স্বার্থে শ্রম সংক্রান্ত প্রচলিত আইন ও বিধিমালার টেকসই পরিবর্তন ও আধুনিকায়ন; তৈরী পোশাক খাতে কর্মরত শ্রমিকদের জন্য ন্যাশনাল এমপ্লয়মেন্ট ইনজুরি ইনসুরেন্স স্কীম প্রবর্তন করেছে। | প্রকল্পটি জুলাই ২০১৬ হতে জুন ২০১৮ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ১৪। | Northern Areas Reduction of Poverty Initiatives (NARI) শীর্ষক প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে দেশের ০৩টি এলাকায় (ঢাকা, চট্রগ্রাম, ঈশ্বরদি) ডরমেটরি ও ট্রেনিং সেন্টার গড়ে তোলে দেশের উত্তরবঙ্গের দারিদ্রপীড়িত এলাকার ১০,৮০০ জন যুব মহিলাকে গার্মেন্টস ট্রেডে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে কর্মসংস্থান উপযোগী করে গড়ে তোলা হয়। প্রকল্পটির | প্রকল্পটি ২০১২ থেকে ২০১৮ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |

| ক্রম | উন্নয়নমূলক কার্যক্রম/প্রকল্পের নাম | প্রকল্পের কার্যক্রম | প্রকল্পের মেয়াদ কাল |
|---|---|---|---|
| | | মাধ্যমে আগস্ট ২০১৭ পর্যন্ত ১৫৩১ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং ৩৪২ জন চাকুরীতে প্রবেশ করেছেন । সর্বশেষ প্রকল্পটি কর্তৃক ৯,০৯৯ জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। | |
| ১৫। | Changing Gender Norms of Garments Employees প্রকল্প। | এ প্রকল্পের মাধ্যমে গার্মেন্টস শিল্পে কর্মরত শ্রমিক/কর্মচারীর জেন্ডার সচেতনতা বৃদ্ধি, মিডলেভেল ম্যানেজমেন্ট এর জন্য প্রশিক্ষণ, বিজিএমইএ ও সংশ্লিষ্ট কারখানার স্বাস্থ্য সেবা প্রদানকারী ডাক্তার, নার্স ও ফার্মাসিস্ট প্রমুখের জন্য প্রশিক্ষণ, প্রশিক্ষণ মডিউল তৈরী ইত্যাদি কার্যক্রম পরিচালনা করেছ। | প্রকল্পটি জুলাই, ২০১৪ হতে ডিসেম্বর, ২০১৭ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ১৬। | ৩টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন এবং ২২টি শ্রম কল্যাণ কেন্দ্র সংস্থার ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্প। | প্রকল্পের আওতায় টঙ্গী, রাজশাহী ও চট্রগ্রামে অবস্থিত ৩টি শিল্প সম্পর্ক শিক্ষায়তন সমূহের মেরামত ও সংস্থার এবং ২২টি শ্রম কল্যাণ কেন্দ্রগুলোর অবকাঠামোগত মেরামত ও সংস্থার প্রশিক্ষণ কার্যক্রম বৃদ্ধি, বিভিন্ন শ্রম কল্যাণ কেন্দ্রগুলোকে শক্তিশালীকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। | প্রকল্পটি গত জুলাই ২০১১ হতে সেপ্টেম্বর ২০১৫ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |
| ১৭। | Improving Labour Law Compliance and Building Sound Labour Practices in the Export Oriented Shrimp Sector in Bangladesh শীর্ষক প্রকল্প। | প্রকল্পটির বাংলাদেশের চিংড়ি প্রক্রিয়াজাতকরণ শিল্পে বাংলাদেশ শ্রম আইন ও আর্ন্তজাতিক শ্রমমান অনুশীলনে সরকার, শিল্প মালিক ও শ্রমিকদের সহযোগিতায় গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছে। | প্রকল্পটি ২০১৪ থেকে জুন, ২০১৬ মেয়াদে একটি প্রকল্প বাস্তবায়িত হয়েছে। |
| ১৮। | Promoting Fundamental Rights at Work and Labour Relations in Export Oriented Industries in Bangladesh শীর্ষক প্রকল্প। | প্রকল্পটির মাধ্যমে তৈরী পোষাক, চিংড়ি, জুতা ও চামড়া শিল্প মালিক এবং শ্রমিকদের শ্রম অধিকার সম্পর্কে সচেতন করা সৃষ্টিপূর্বক মালিক শ্রমিক সম্পর্কের উন্নয়ন করা। শ্রম অধিদপ্তর, শিল্প সম্পর্ক শিক্ষায়তন (IRI), শ্রম আদালত ও বেপজার কার্যক্রম সম্পাদনের সক্ষমতা বৃদ্ধি এবং কারখানা পর্যায়ে পেশাগত স্বাস্থ্য ও নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়নে উল্লেখযোগ্য ভূমিকা রেখেছে। | প্রকল্পটি অক্টোবর, ২০১৩ হতে ডিসেম্বর, ২০১৫ মেয়াদে প্রকল্পটি বাস্তবায়িত হয়েছে। |
| ১৯। | Strengthening of Compliance Level of Labour Laws Across the Shrimp Value Chain in Bangladesh শীর্ষক প্রকল্প। | রপ্তানিমুখী চিংড়ি শিল্পে বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর যথাযথ প্রয়োগ ও বাস্তবায়নের মাধ্যমে আন্তর্জাতিক বাজার বিশেষ করে ইউরোপিয়ান বাজারে বাংলাদেশের জন্য প্রতিযোগিতামূলক সুযোগ সৃষ্টির লক্ষ্যে প্রকল্পটি উল্লেখযোগ্য ভূমিকা পালন করেছে। যা দেশের আর্থ-সামাজিক উন্নয়নে গুরুত্বপূর্ণ অবদান রেখেছে। | প্রকল্পটি জুলাই ২০১১ হতে জুন ২০১২ মেয়াদে বাস্তবায়িতে হয়েছে। |
| ২০। | প্রোমোশন অব রিপ্রোডাক্টিভ হেলথ, রিপ্রোডাক্টিভ রাইট, জেন্ডার ইকোয়ালিটি এন্ড প্রিভেনশন অব এইচআইভি/এইডস ইন টি প্ল্যানটেশন কমিউনিটিজ শীর্ষক প্রকল্প। | এ প্রকল্পের মাধ্যমে সিলেট বিভাগের ৬২ (বাষট্টি) টি চা বাগানে কর্মরত মহিলা শ্রমিকদের সাধারণ স্বাস্থ্য ও প্রজনন স্বাস্থ্য সেবাসহ এইচআইভি/এইডস বিষয়ে সচেতনতা বৃদ্ধির জন্য বিভিন্ন কার্যক্রম পরিচালনা করা হয়েছে। | প্রকল্পটি গত জানুয়ারী, ২০০৬ হতে ডিসেম্বর, ২০১১ মেয়াদে বাস্তবায়িত হয়েছে। |